

## আন্তর্জাতিক

# সাংবাদিক থেকে রাজা, ৫৬ বছর বয়সে যেভাবে মাথায় উঠল রাজমুকুট



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: বুধবার, ৩০ সেপ্টেম্বর ২০২৬, ০৫:৩৪ PM



দুই দশকের বেশি সময় মাইক্রোফোন হাতে সাংবাদিকতা করেছেন তিনি। মানুষের কথা বলেছেন, খবর পড়েছেন, দেশের নানা ঘটনা তুলে ধরেছেন। ৫৬ বছর বয়সে এসে সেই সাংবাদিকের জীবনেই ঘটল অবিশ্বাস্য পরিবর্তন—মাথায় উঠল রাজমুকুট।

তিনি এডওয়ার্ড রুকিডি কিজানাসোমা। উগান্ডার ঐতিহাসিক তোরো রাজ্যের নতুন রাজা হিসেবে তাঁর নতুন পরিচয়—রাজা প্রথম এডওয়ার্ড রুকিডি কিজানাসোমা।

গত মাসে ৩৪ বছর বয়সে ক্যানসারে মারা যান তোরোর রাজা চতুর্থ ওয়ে নিয়াম্বা কাবাম্বা ইগুরু রুকিডি। তাঁর মৃত্যুর পর নতুন রাজা নির্বাচনের প্রক্রিয়া শুরু হয়। তোরোর রীতি অনুযায়ী রাজা নির্বাচনের দায়িত্ব বাবিতো গোত্রের ২১ সদস্যের একটি কমিটির।

কিজানাসোমার পাশাপাশি আরও কয়েকজনকে রাজা হওয়ার জন্য বিবেচনা করা হয়। তাঁদের একজন ছিলেন যুক্তরাজ্যের একটি অপেশাদার

ফুটবল ক্লাবের অধিনায়ক ও গোলরক্ষক প্রিন্স জর্জ ডেসমন্ড কামুরাসি। তবে তিনি প্রস্তাব ফিরিয়ে দিলে শেষ পর্যন্ত কিজানাস্গোমাকেই রাজা হিসেবে বেছে নেয় কমিটি।

তবে কিজানাস্গোমার রাজা হয়ে ওঠার পথ পুরোপুরি বিরোধহীন ছিল না। প্রয়াত রাজা ওয়ের মা রানি বেস্ট কেমিগিসা আকিকি দাবি করেন, তাঁর ছেলে একটি শিশুপুত্র রেখে গেছেন এবং একটি উইলে ওই শিশুকে পরবর্তী রাজা করার কথা ছিল। তবে ওই শিশুকে প্রকাশ্যে আনা হয়নি এবং রাজপরিবারের উত্তরাধিকার কমিটি তাকে স্বীকৃতি দেয়নি। কমিটির দাবি, তোরোর রীতি ও ঐতিহ্য মেনেই কিজানাস্গোমাকে নির্বাচিত করা হয়েছে।

কিজানাস্গোমা নিজেও রাজপরিবারেরই বংশধর। তিনি ওয়ে রুকিডির চাচাতো ভাই এবং দুজনই তোরোর ১১তম রাজা রুকিডি তৃতীয়ের নাতি।

কিজানাস্গোমার জন্ম ১৯৭০ সালে। ১৯৯৯ সালে উগান্ডার মেকেরেরে বিশ্ববিদ্যালয় থেকে গণযোগাযোগ বিষয়ে স্নাতক ডিগ্রি নেওয়ার পর শুরু করেন সাংবাদিকতা। দুই দশকের বেশি সময় সম্প্রচারমাধ্যমে কাজ করেছেন। উগান্ডা ব্রডকাস্টিং করপোরেশনের (ইউবিসি) পরিচিত মুখ ছিলেন তিনি। প্রতিবেশী রুয়ান্ডাতেও সাংবাদিক হিসেবে কাজ করেছেন।

সাংবাদিকতার ২১ বছরের অভিজ্ঞতা ও মানুষের সঙ্গে গড়ে ওঠা যোগাযোগ এখন রাজা হিসেবে কাজে লাগাতে চান কিজানাস্গোমা। তাঁর ভাষায়, এই সম্পর্ক ও অভিজ্ঞতা তিনি ঐমানুষের জন্য ভালো কিছু করতে কাজে লাগাবেন।

তোরো রাজ্যে রাজা হওয়া শুধু মুকুট পরার বিষয় নয়। ঐতিহ্যবাহী নানা আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে কিজানাস্গোমার অভিষেক হয়। প্রায় চার কিলোমিটার হেঁটে সরকারি কারুজিকা রাজপ্রাসাদে পৌঁছানোর পর তাঁকে আনুষ্ঠানিকভাবে রাজা ঘোষণা ও অভিষিক্ত করা হয়।

উগান্ডার ঐতিহ্যবাহী রাজাদের আনুষ্ঠানিক রাজনৈতিক ক্ষমতা নেই। তবে তাঁদের সাংস্কৃতিক প্রভাব রয়েছে এবং নিজ নিজ সম্প্রদায়ের মানুষের মধ্যে উল্লেখযোগ্য আনুগত্য রয়েছে।

রাজা হওয়ার পর কিজানাস্গোমা বলেছেন, তিনি একা কাজ করতে চান না। তাঁর কথায়, ঐ তাঁরা আমাকে রাজা হিসেবে এই উপাধি দিয়েছেন। কিন্তু আমি একা কাজ করতে পারব না। আমাকে আপনাদের সঙ্গে নিয়ে কাজ করতে হবে।

এভাবেই মাইক্রোফোন হাতে মানুষের গল্প বলা এক সাংবাদিকের হাতে উঠে এসেছে রাজদণ্ড।

---

এ বিভাগের আরও খবর



কক্স সাগরে তেলবাহী জাহাজে হামলা, ২৩ ভারতীয় নাবিক উদ্ধার  
কক্স সাগরে তেলবাহী একটি বাণিজ্যিক জাহাজে হামলা হয়েছে। হামলার পর জাহাজটিতে আগুন ধরে যায়। সেখান থেকে ২৩ ভারতীয় নাবিককে অক্ষত অবস্থায় উল...



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ, চাপে সরকার  
ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন  
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেলজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্স...



কক্স নদীতে নৌকা ডুবে ২২ জনের মৃত্যু  
গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গার কক্স নদীতে দুটি নৌকার সংঘর্ষের পর একটি যাত্রীবাহী নৌকা ডুবে অন্তত ২২ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আরও বহু যাত্রী...

